# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**26-05-2026** **Time: 7.50 PM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ কল্যাণীতে তিনটি জেলার আধিকারিকদের সঙ্গে প্রশাসনি বৈঠক শেষে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা ঘোষণা করেছেন। এর মধ্যে রয়েছে অন্নপূর্ণা যোজনার দ্রুত রূপায়ণ, উৎসবের আকারে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন সহ বেশ কয়েকটি বিষয়।

এরপর মুখ্যমন্ত্রী লালবাজারে গিয়ে কলকাতা পুলিশের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন।

২) ঈদের নমাজ এবার রেডরোডের পরিবর্তে ব্রিগেডে হবে বলে ঘোষণা করা হয়েছে।

৩) মালদার মোথাবাড়িতে এস আই আর-এর কাজে নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিদের ঘেরাও এবং হেনস্থার ঘটনায় আরও ১৫ জনকে গ্রেফতার করা হয়েছে।

৪) বিজ্ঞান, গবেষণা, উদ্ভাবন এবং স্টার্টআপ সংক্রান্ত কেন্দ্রীয় সরকারের সমস্ত গুরুত্বপূর্ণ প্রকল্প এবার দ্রুত এরাজ্যে চালু করা হবে।

৫) দক্ষিণ কলকাতার নেতাজীনগরে বে-সরকারী স্কুলের তৃতীয় শ্রেণীর পড়ুয়ার মৃত্যুর ঘটনায় গাফিলতির অভিযোগে পুলিশ ওই স্কুলের প্রিন্সিপাল সহ তিনজনকে গ্রেফতার করেছে।

৬) বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৮-তম জন্ম দিনে গানে-কবিতায় আজ তাঁকে স্মরণ করা হচ্ছে।

৭) দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে।

ooooooooooooooooooooo

রাজ্যে অন্নপূর্ণা ভান্ডার প্রকল্পের মাধ্যমে অর্থ প্রদানের জন্য সরকারি প্রক্রিয়া আগামীকাল পূর্ণমাত্রায় শুরু হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

তিনি বলেন, যত দিন না অন্নপূর্ণা যোজনার মাধ্যমে টাকা দেওয়া শুরু হচ্ছে, তত দিন পর্যন্ত উপভোক্তারা ‘লক্ষ্মীর ভান্ডার’-এর টাকা নিয়ম মেনেই পাবেন।

নদীয়ার কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এপিজে আব্দুল কালাম প্রেক্ষাগৃহে আজ উত্তর ২৪ পরগনা, নদিয়া ও হুগলি জেলার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন তিনি। পরে সাংবাদিকদের তিনি বলেন, অন্নপূর্না যোজনার আর্থিক সুবিধা পেতে হলে উপভোক্তাদের একটি নির্দিষ্ট ফর্ম পূরণ করতে হবে। আগামীকাল নবান্ন থেকে তিনি এবং নারী, শিশু বিকাশ ও সমাজ কল্যাণ মন্ত্রী অগ্নিমিত্রা পাল আনুষ্ঠানিকভাবে সেই ফর্ম প্রকাশ করবেন। অফলাইনের পাশাপাশি অনলাইনেও পূরণ করা যাবে ফর্ম।

(বাইট – অন্নপূর্ণা)

কেন্দ্রের ‘এক পেড় মা কে নাম’ উদ্যোগের সঙ্গে সামঞ্জস্য রেখে ৫ই জুন বিশ্ব পরিবেশ দিবসে রাজ্যের প্রতিটি ব্লক এবং পুরসভায় মায়ের নামে গাছ লাগানোর কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বন ও পরিবেশ দফতর প্রত্যেক বিধায়ককে এলাকায় বিতরণ করার জন্য গাছ দেবে। কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুযায়ী রাজ্যে ১৫, ১৬ এবং ১৭ই জুন জনকল্যাণ শিবির হবে। সেখানে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প বিষয়ে মানুষকে অবহিত করা হবে।

(বাইট – এক পেড়-মাকে নাম)

মুখ্যমন্ত্রী জানান, ২১ জুন বিশ্ব যোগা দিবস এবার উৎসবের আবহে পালন করা হবে এবং দু-দিন আগে থেকেই মহড়া শুরু হবে। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ‘আয়ুষ দফতরকে স্বাস্থ্য দফতর থেকে আলাদা করার ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আগামী সপ্তাহ থেকে ‘আপনার সরকারকে বলুন’- নামে একটি নতুন কর্মসূচী চালু হচ্ছে। এসংক্রান্ত বিস্তারিত তথ্য পরে জানানো হবে বলে শ্রী অধিকারী জানিয়েছেন।

পরিষেবার নাম রাজ্যসভার সাংসদ তথা বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য স্হির করেছেন বলে মুখ্যমন্ত্রী জানান। তিনি আরও বলেন, ‘‘সরকারি বাসে আপাতত সব মহিলাকে বিনামূল্যে যাতায়াতের সুবিধা দেওয়া হবে। তবে, এই সুবিধা প্রদানের জন্য সরকার শীঘ্রই একটি কার্ড চালু করবে।

শ্রী অধিকারী আরও বলেন, মা ক্যান্টিনে সপ্তাহে দু’দিন ৫ টাকাতেই মাছ ভাত পাওয়া যাবে। বাকি দিনগুলিতে ভাতের সঙ্গে ডিম দেওয়া হবে।

oooooooooooooooooooo

ঈদের নমাজ এবার রেড রোডে নয়, ব্রিগেডে হবে বলে স্থির হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ লালবাজারে কলকাতা পুলিশের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। সেখানেই ঈদের সময় রাজ্যের তরফে জারি হওয়া বিধি নিষেধে শৈথিল্য কোনোভাবেই ববরদাস্ত করা হবে না বলে তিনি জানান। ওই দিন সেখানে দু'হাজার পুলিশ মোতায়েন থাকবে। থাকবে কেন্দ্রীয় বাহিনীও। শহরের আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে আরও কঠোর হওয়ার নির্দেশ দিয়েছেন তিনি।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী বিধানসভায় এখন অধ্যক্ষের সঙ্গে বৈঠক করছেন। বিরোধী দলের কয়েকজন বিধায়ক সেখানেই উপস্থিত রয়েছেন বলে খবর।

oooooooooooooooooooo

মালদার মোথাবাড়িতে এস আই আর-এর কাজে নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিদের ঘেরাও এবং হেনস্থার ঘটনায় আরও ১৫ জনকে গ্রেফতার করা হয়েছে। আজ তাদের আদালতে তোলা হলে, পাঁচ-ই জুন পর্যন্ত এন আই এ হেফাজতে পাঠানো হয়েছে। গতরাতেই মোথাবাড়ি এবং আশপাশের এলাকা থেকে এদের গ্রেফতার করা হয়। ঘটনার দিনে সিসি ক্যামেরার ফুটেজ দেখে এদের চিহ্নিত করা হয়েছিল।

উল্লেখ্য ভোটার তালিকা থেকে নাম বাদ পড়ার অভিযোগে গত পয়লা এপ্রিল মোথাবাড়িতে বিডিও অফিসের ভেতরে সাত বিচারবিভাগীয় আধিকারিককে ঘন্টার পর ঘন্টা ঘেরাও করে রাখা হয়।

oooooooooooooooooooo

অনুপ্রবেশ এবং অন্যান্য কারণে দেশজুড়ে জনবিন্যাস পরিবর্তনের প্রভাব পর্যালোচনায় কেন্দ্রীয় সরকার উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করেছে। সামাজিক মাধ্যমে এক পোস্টে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্‌ বলেছেন, এই কমিটির চেয়ারম্যান হবেন, সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি প্রকাশ প্রভাবকর নাওলেকর। জনগণনা কমিশনারের পাশাপাশি প্রাক্তন আইএএস আধিকারিক দুর্গা শঙ্কর মিশ্র, প্রাক্তন আইপিএস (IPS) আধিকারিক বালাজি শ্রীবাস্তব এবং অর্থনীতিবিদ ড. শমিকা রবিকে এই কমিটির সদস্য হিসেবে নিয়োগ করা হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব এই কমিটিতে সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

শ্রী শাহ বলেছেন, জনবিন্যাসের পরিবর্তন দেশের বর্তমান ও ভবিষ্যতের জন্য অত্যন্ত গুরুতর বিষয়। এটি দেশের সার্বভৌমত্ব, জাতীয় নিরাপত্তা, আইন-শৃঙ্খলা পরিস্থিতি, সামাজিক পরিকাঠামো, আদিবাসী সমাজের সুরক্ষার মতো বিষয়গুলোর সঙ্গেও ওতপ্রোতভাবে জড়িত।

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে জনগণনার কাজ সুচারুভাবে সম্পন্ন করতে রাজ্য সরকারের উদ্যোগে একটি সম্মেলনের আয়োজন করা হচ্ছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামী ২৯মে নবান্ন সভাঘরে ‘প্রিন্সিপাল সেন্সাস অফিসার্স’ কনফারেন্সের উদ্বোধন করবেন। নবান্ন সূত্রে খবর, জনগণনা প্রক্রিয়ার কাজ দ্রুতগতিতে এগিয়ে নিয়ে যেতে জেলা প্রশাসন, পুরসভা এবং বিভিন্ন দফতরের মধ্যে সমন্বয় বাড়ানোর উপর জোর দেওয়া হচ্ছে। বাড়ি তালিকাকরণ, প্রশাসনিক সীমানা আপডেট, তথ্য সংগ্রহের জন্য কর্মী প্রস্তুতি এবং ডিজিটাল পরিকাঠামো তৈরির কাজও শুরু হতে পারে খুব শীঘ্রই।

পূর্বতন তৃণমূল সরকার রাজনৈতিক কারণে জনগণনা প্রক্রিয়া আটকে রেখেছিল বলে এর আগে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। তাঁর দাবি, এর ফলে মহিলা সংরক্ষণ কার্যকর হওয়ার পথও বিলম্বিত হয়েছে।

oooooooooooooooooooo

রাজ্যে নতুন সরকার গঠনের পরই ভারত – বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া তৈরির জন্য বি এস এফ-কে জমি হস্তান্তর শুরু হয়েছে। মালদার হবিবপুর ব্লকের সীমান্ত এলাকায় প্রশাসনিক আধিকারিকরা জমি অধিগ্রহণের পর মালিকদের হাতে তুলে দিচ্ছেন ন্যায্যমূল্যের চেক। হবিবপুর ব্লকের জিতু মঞ্চে ২১২ জন জমি মালিকের হাতে তুলে দেওয়া হয়েছে জমির দাম বাবদ অর্থ। উপস্থিত ছিলেন, বিডিও, বিধায়ক জয়েল মুর্মূ, পঞ্চায়েত সমিতির সভাপতি প্রমুখ।

oooooooooooooooooooo

বিজ্ঞান, গবেষণা, উদ্ভাবন এবং স্টার্টআপ সংক্রান্ত কেন্দ্রীয় সরকারের সমস্ত গুরুত্বপূর্ণ প্রকল্প এবার দ্রুত পশ্চিমবঙ্গে চালু করা হবে। কলকাতায় আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে দীর্ঘ বৈঠকের পর কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিং একথা জানান। শ্রী সিং বলেন,

এরাজ্যে বিজ্ঞান ও শিক্ষার শক্তিশালী পরিকাঠামো রয়েছে। সেই সম্ভাবনাকে কাজে লাগিয়ে রাজ্যে গবেষণা, ক্লিনিক্যাল ট্রায়াল, বায়োটেকনোলজি এবং উদ্ভাবনভিত্তিক শিল্পে নতুন দিগন্ত খুলতে চায় কেন্দ্র।

বৈঠকে ছাত্রছাত্রী এবং মহিলাদের জন্য কেন্দ্রীয় বিজ্ঞান প্রকল্পগুলির সম্প্রসারণ নিয়েও আলোচনা হয়। সিদ্ধান্ত হয়েছে, 'ইনস্পায়ার', 'ইনস্পায়ার মানক', 'বিজ্ঞান জ্যোতি', 'কিরণ' এবং 'ওয়াইজ'-এর মতো প্রকল্প রাজ্যের স্কুল ও কলেজে আরও বিস্তৃতভাবে চালু করা হবে। এর মাধ্যমে বিজ্ঞানচর্চা, উদ্ভাবন এবং গবেষণাভিত্তিক শিক্ষায় ছাত্রছাত্রী ও মহিলাদের অংশগ্রহণ বাড়ানোর উপর জোর দেওয়া হবে।

বৈঠকে বিশেষ গুরুত্ব পেয়েছে জনস্বাস্থ্য সংক্রান্ত গবেষণা। পশ্চিমবঙ্গের একাধিক জেলায় দীর্ঘদিনের আর্সেনিক দূষণ নিয়ে সিএসআইআর-এর নেতৃত্বে বিশেষ বৈজ্ঞানিক সমীক্ষা শুরু করার সিদ্ধান্ত হয়েছে। পাশাপাশি ক্যানসার, অ্যান্টিমাইক্রোবিয়াল থেরাপি এবং নতুন ওষুধ সংক্রান্ত গবেষণাও শুরু হবে, কেন্দ্রীয় গবেষণা প্রতিষ্ঠান, সরকারি মেডিক্যাল কলেজ, ক্যান্সার হাসপাতাল এবং এইমস-সংযুক্ত স্বাস্থ্য নেটওয়ার্কের যৌথ উদ্যোগে।

oooooooooooooooooooo

দক্ষিণ কলকাতার নেতাজীনগরে বে-সরকারী স্কুলের তৃতীয় শ্রেণীর পড়ুয়ার মৃত্যুর ঘটনায় গাফিলতির অভিযোগে পুলিশ ওই স্কুলের প্রিন্সিপাল সহ তিনজনকে গ্রেফতার করেছে। এদের মধ্যে প্রিন্সিপাল সুস্মিতা চক্রবর্তী ছাড়াও রয়েছেন, বিদ্যালয়ের পরিচালন কমিটির সদস্য শক্তিপদ জানা এবং শ্রেণী শিক্ষিকা। আজ সকাল থেকেই ওই স্কুলের সামনে বিক্ষোভ দেখান অভিভাবকরা। পরে পুলিশের আশ্বাসে বিক্ষোভ উঠে যায়।

আগেই জানানো হয়েছে, গত ১৩-ই মে স্কুলে যাওয়ার পর অসুস্থ বোধ করলে আয়ুষ নাথ নামে ওই পড়ুয়া বারংবার সেকথা জানালেও, তাকে বেঞ্চে মাথা নিচু করে বসে থাকার নির্দেশ দেওয়া হয়। সারাদিন এভাবে থাকার পর ছুটির সময় ভারী ব্যাগ পিঠে নিয়ে বেরতে গিয়ে সিঁড়ি থেকে পড়ে যায় সে। তার মাথায় গুরুতর আঘাত লাগে। প্রায় ১২ দিন কোমায় থাকার পর গত রবিবার ৮ বছরের আয়ুষের মৃত্যু হয়।

ছেলের মৃত্যুতে শোকাহত বাবা এই গাফিলতির জন্য দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। আমাদের প্রতিনিধি কাশফিন নাহারকে তিনি বলেন –

(বাইট – বাবা)

০০০০০০০০০০০০০০০০০০০০

কবি কাজী নজরুল ইসলামের ১২৮ তম জন্মদিন রাজ্য জুড়ে উদযাপিত হচ্ছে গভীর শ্রদ্ধায়। রাজ্য সচিবালয়ে কবির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য দিয়ে শ্রদ্ধা জানান পদস্থ আধিকারিকগণ। বিধানসভায় কবিকে শ্রদ্ধা জানাতে উপস্থিত ছিলেন অধ্যক্ষ রথীন্দ্রনাথ বসু, বিরোধী দলনেতা শোভন দেব চট্টোপাধ্যায় সহ অন্যরা।

সকাল থেকেই বিভিন্ন জায়গায় ছিল প্রভাত ফেরি। গ্রাম মফস্বলের বহু জায়গাতেই একইসঙ্গে আজ আয়োজন করা হয়েছে রবীন্দ্র নজরুল সন্ধ্যার।

একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

পুর ভবনে আয়োজিত অনুষ্ঠানে কবি নজরুল ইসলামের প্রতি শ্রদ্ধা জানান মেয়র ফিরহাদ হাকিম। রবীন্দ্র সরোবর নজরুল মঞ্চ সংলগ্ন কাজী নজরুল ইসলামের মূর্তিতে রাজ্য বামফ্রন্টের পক্ষ থেকে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। তাঁর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান, বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু, সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, প্রবীণ সিপিআইএম নেতা ডাক্তার সূর্যকান্ত প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০০

কবি কাজী নজরুল ইসলামের জন্মদিন উদযাপন উপলক্ষে আজকের প্রসঙ্গের বিষয় "চির সংগ্রামী নজরুল"। বিশিষ্ট নজরুল গবেষক ডঃ বাঁধন সেনগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে স্থানীয় সংবাদের ঠিক পরেই গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা ও আকাশবানী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বীরভূম, নদিয়া, মুর্শিদাবাদ, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলায় আগামীকালের জন্য ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে। তবে বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আদ্র ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে।। আজ আলিপুরে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৫ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে সামান্য বেশি।

এদিকে,  উত্তর ও দক্ষিণ দিনাজপুর, মালদা এবং কোচবিহার জেলায় আগামীকাল দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস।

oooooooooooooooooooooooooooooooooooooooooooooooooooooooooooooooooooo
oo